গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৩-২০২৪




## বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রশিক্ষণ বর্ষপঞ্জি

## ২০২৩-২০২৪




## বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

# প্রকাশনা কমিটির পরিচিতি

বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের প্রশিক্ষণ বর্ষপঞ্জি : ২০২৩ - ২০২৪
প্রকাশকাল: জুন, ২০২৩

**উপদেষ্টা:**
**জনাব কাজী মেসবাহ উদ্দিন আহমেদ**
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

**আহবায়ক :**
**জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন**
অধ্যাপক (গবেষণা ও প্রকাশনা)
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

**সদস্য :**
**জনাব মুহাম্মাদ গালীব খান**
অধ্যাপক (প্রশাসন)
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

**সদস্য সচিব :**
**জনাব মুহম্মদ ওমর ফারুক মজুমদার**
গবেষণা সহকারী
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

**কম্পিউটার কম্পোজ ও বিন্যাস:**
**জনাব পিকুল বিশ্বাস**
অফিস সহকারী
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

**গ্রাফিক্স:**
**রিয়াদ হোসেন**

**মুদ্রণ:**
**তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং**
২৮/সি-১, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
মোবাইল: ০১৮১৯-২৬৩৪৮১

# বাংলাদেশ সমবায় একাডেমির সুনির্দিষ্ট গন্তব্য

| ক্রঃ নং | প্রত্যয় | সুনির্দিষ্ট লক্ষ্যাভিসারি গন্তব্য |
|---|---|---|
| ১ | ভিশন | একটি যুগোপযোগি, সৃজনশীল ও উদ্ভাবনী প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উন্নীতকরণ। |
| ২ | মিশন | সমবায়ী ও সমবায় বিভাগের কর্মচারিগণকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে যুগোপযোগি ও উদ্ভাবনী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনা করা। |
| ৩ | কর্মকৌশল (Working Policy) | প্রতিষ্ঠানের কর্মসংস্কৃতি (Work Culture) ও কর্মচারীদের মানস জগতে (Mind Setup) ইতিবাচক পরিবর্তন এনে প্রতিষ্ঠানের সেবা/প্রশিক্ষণ প্রদান সিস্টেমকে গতিশীল ও দায়বদ্ধ করার মাধ্যমে প্রশিক্ষণার্থীদেরকে কর্মমুখী ও মানবসম্পদে রূপান্তর তোলা; |
| ৪ | অগ্রগণ্যতা (Priorities) | আগত সেবাপ্রত্যাশী/প্রশিক্ষণার্থীদের সর্বোচ্চ সন্তুষ্টি বিধান (Customer Satisfaction) করাই বাংলাদেশ সমবায় একাডেমির সকল কর্মকাণ্ডের মৌল নির্যাস। |
| ৫ | প্রতিষ্ঠানের শ্লোগান (Slogan) | প্রশিক্ষণের জন্য আসুন, সেবার জন্য বেরিয়ে যান। |
| ৬ | প্রতিষ্ঠানের স্বপ্ন (Dream) | দক্ষ মানবসম্পদ তৈরীর মাধ্যমে দেশের অগ্রগণ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহের আত্মপ্রকাশ। (Building Bangladesh Cooperative Academy and Cooperative Zonal Training Institutes as the Centres of Excellence in Co-operative Training and Human Resource Development.) |
| ৭ | মূল্যবোধ (Values) | একতা-সততা-সম্প্রীতি-পরিশ্রম-শৃঙ্খলা-আত্মবিশ্বাস-সাফল্য। |
| ৮ | অর্থনৈতিক প্রত্যয় | সরকারের বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ও যথাযথভাবে ব্যয়ের মাধ্যমে Quality Traning নিশ্চিত করা। |
| ৯ | সামাজিক প্রত্যয় | সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি-সামাজিক আন্দোলন-আলোকিত মানুষ গড়ার মাধ্যমে দীপ্তিময় সমাজ গঠন করা। |
| ১০ | চূড়ান্ত গন্তব্য | জিডিপিতে সম্মানজনক অংশগ্রহণ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্মার্ট প্রশিক্ষণ নিশ্চিত করা। |

**সার্বিক প্রেক্ষাপটে সময়ের চাহিদা মিটিয়ে 'বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহের 'সমবায় প্রশিক্ষণে ইতিবাচক ও গুণগত পরিবর্তন সাধনে নিম্নবর্ণিত প্রত্যয় ব্যক্ত করে**

- সমবায় প্রশিক্ষণকে ডিজিটাল এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উপযোগী করে গড়ে তোলা ;
- সমবায় আন্দোলনের সফল প্রয়োগের মাধ্যমে সমবায় অধিদপ্তরের ইতিবাচক ভাবমূর্তি (Positive Image) গঠন করা;
- বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সকে গুণগত মানসম্পন্ন করা।
- প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো ও সুবিধাদির উন্নয়নসহ বিদ্যমান সুযোগ-সুবিধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা;
- প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা;
- গুণগত মানসম্পন্ন প্রশিক্ষণ আয়োজন করে প্রতিষ্ঠানের ইতিবাচক ভাবমূর্তি বৃদ্ধি করা;
- প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিকীকরণ নিশ্চিত করা;
- প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারিদের দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারিদের মানব সম্পদ হিসেবে গড়ে তোলা;
- প্রতিষ্ঠানের সেবার মান নির্দিষ্ট নির্ণায়কে সমুন্নত রাখা ;
- প্রতিষ্ঠানের প্রশিক্ষকবৃন্দসহ সকল স্টাফদের দক্ষ ও গতিশীল এবং ইতিবাচক করা ;
- প্রশিক্ষণ কার্যক্রমকে গতিশীল ও স্মার্ট বাংলাদেশ গঠনের উপযোগী করা ;
- প্রশিক্ষণ কোর্সকে উদ্দীপনামূলক, প্রায়োগিক, সৃজনশীল, বিনোদনধর্মী, আনন্দময়, উপভোগ্য ও শিক্ষণীয় করা।


উপরোক্ত প্রত্যয় ও দাবীকে পূরণ করার জন্য বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ কার্যকর বাস্তবায়ন কর্মকান্ড ও কৌশল গ্রহণ করবে।

# মুখবন্ধ

পেশাভিত্তিক দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক জ্ঞান ও পুঁথিগত বিদ্যা মূল্যবান হলেও সকল ক্ষেত্রে তা যথেষ্ট নয়। সেজন্য সবধরনের পেশাতেই ইন-সার্ভিস প্রশিক্ষণের ব্যবস্থা আছে। এই প্রশিক্ষণ একইসঙ্গে তাত্ত্বিক ও প্রায়োগিক হতে হয়। একে হাতে-কলমে শিক্ষাদানও বলা যায়। সাধারণ মানুষের আর্থ-সামাজিক মুক্তির প্রকৃষ্ট পন্থা সমবায়। দেশে মার্চ/২০২৩খ্রি. পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১,৯৩,৩৯৬টি। সমবায়ীর সংখ্যা ১,২২,৪২,২২২ জন। যার মধ্যে পুরুষ ৯২,৬৮,৫৭৭ জন এবং মহিলা ২৯,৭৩,৬৪৫ জন। অপরদিকে সমবায় অধিদপ্তর এ অনুমোদিত জনবল ৫০৬৩ জন। বর্তমানে কর্মরত ৩,৯৪৮জন। উল্লেখিত সমবায়ী এবং সমবায় বিভাগের কর্মচারিগণের পেশাগত প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। আর এই প্রশিক্ষণদানের কাজটি করে থাকে বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ। সমবায় কর্মকর্তাদের পেশাগত প্রশিক্ষণের ক্ষেত্রে কুমিল্লার কোটবাড়ীস্থ বাংলাদেশ সমবায় একাডেমি সমবায় বিভাগের জন্য শীর্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান। সৃষ্টিলগ্ন থেকে বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ এদেশের সমবায়ী জনগণের প্রশিক্ষণ সেবায় নিয়োজিত থেকে কার্যক্রম চালিয়ে আসছে এবং এদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভুমিকা রেখে আসছে।

সার্বিক কার্যক্রম এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা তুলে ধরে প্রতিবছর বাংলাদেশ সমবায় একাডেমি বার্ষিক প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশ করে আসছে। তারই ধারাবাহিকতায় এ বছরও বার্ষিক কার্যক্রম সম্বলিত বার্ষিক প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন যুগোপযোগী পদক্ষেপ বাস্তবায়ন এবং সরকারি সেবাসমূহ সহজে জনগণের দ্বারগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি সমবায় অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারি এবং দেশের বিভিন্ন অঞ্চলের সমবায় সমিতির সদস্যদের পেশাগত দক্ষতা, নৈতিকতা ও সৃজনশীলতা উন্নয়নে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে থাকে। সময়ের দাবি অনুযায়ী ইতোমধ্যে একাডেমির প্রশিক্ষণ পাঠ্যক্রম, কর্মসূচি ব্যবস্থাপনায় যুগোপযোগী ও বাস্তবধর্মী করার জন্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে চলমান প্রশিক্ষণ কোর্সে সম্পৃক্ত করা হয়েছে। এ বর্ষপঞ্জির মাধ্যমে বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ পরিকল্পনা সার্বিক চিত্র উপস্থাপন করা হয়।

বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর অধীনস্থ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের সকলস্তরের কর্মকর্তা-কর্মচারির অক্লান্ত পরিশ্রম এবং সকলের আন্তরিক সহযোগিতায় যথাসময়ে ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন এবং প্রকাশ করা সম্ভব হচ্ছে। এ জন্য প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।



**(কাজী মেসবাহ উদ্দিন আহমেদ)**
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

# সম্পাদকীয় মন্তব্য

সমবায় আন্দোলনের সূচনা লগ্ন থেকেই সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের উপর গুরুত্ব প্রদান করা হয়েছে। বৃটিশ ভারতে ১৯১৫ সালে ম্যাকগ্লাগন কমিটির সুপারিশের ভিত্তিতে ১৯৩৬ সালে অবিভক্ত বাংলার দমদমে ১৯৩৬ সালে The Bengal Co-operative Training Institute স্থাপিত হয়। ১৯৪৭ সালের দেশভাগের পর The Bengal Co-operative Training Institute পূর্ব পাকিস্তানে নওগাঁয় স্থানান্তরিত হয়। ১৯৪৯ সালে ঢাকার পূবাইলে East Pakistan Co-operative Training Institute নামে নতুন একটি সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট গঠিত হয়। ১৯৬০ সালে East Pakistan Co-operative Training Institute টি East Pakistan Co-operative College নামে উন্নীত হয়। ১৯৬৩ সালে East Pakistan Co-operative College কুমিল্লার বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) ক্যাম্পাসে স্থানান্তরিত হয়। ১৯৭২ সালে East Pakistan Co-operative College টির নামকরণ করা হয় Bangladesh Co-operative College. ১৯৯৮ সালে সরকারি আদেশে এর নামকরণ হয় Bangladesh Co-operative Academy.

১৯৬৪ সালে মুক্তাগাছা, ফেনী, নওগাঁ ও কুষ্টিয়ায় চারটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপিত হয়। ১৯৬৫ সালে খুলনা, মৌলভীবাজার, ফরিদপুর ও রংপুরে আরও চারটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপিত হয়। ২০০৩ সালে বরিশালে এবং ২০১১ সালে নরসিংদীতে আরও দুটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপিত হলে দেশে ১০টি সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপিত হয়।

বর্তমান সরকারের যে লক্ষ্য অথাৎ স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট গভার্নেন্স, স্মার্ট ইকোনমি, স্মার্ট থিনকিং, স্মার্ট কমিউনিকেশন, ভিশন-২০৪১" বাস্তবায়ন, টেকসই উন্নয়ন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি এবং আওতাধীন ১০(দশ)টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে বিভিন্ন ইনোভেশন আইডিয়া, ই-ফাইলিং, ই-লার্নিং, এপিএ, ইউডিসি, ন্যাশন্যাল ওয়েব পোর্টাল এবং আত্ম-কর্মসংস্থানমূলক বিভিন্ন আইজিএ প্রশিক্ষণ কোর্স চলমান প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভূক্ত করে অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। সেই লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি এবং তার আওতাধীন ১০(দশ)টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট সমবায় অধিদপ্তরের নিজস্ব জনবল ও সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সাধারণ সদস্যদেরকে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান করে থাকে। এসব প্রশিক্ষণের গুণগতমান উন্নয়নে প্রয়োজনীয় ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এবং National Skill Development authority (NSDA) এর সহযোগিতা নেয়া হচ্ছে।

Human Resource Development (HRD) বা মানব সম্পদ উন্নয়নের একমাত্র উপায় হচ্ছে প্রশিক্ষণ। আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেকারত্ব হ্রাস, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, নৈতিকতা, নারীর ক্ষমতায়ন, যৌতুক সমস্যা, নেতৃত্বের বিকাশ, সামাজিক বৈষম্য নিরসন সর্বোপরি টেকসই উন্নয়নে সমবায়ের বিকল্প নেই। ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়, পুঁজিগঠন ও বিনিয়োগের মাধ্যমে স্বাবলম্বী এবং আত্মনির্ভরশীলতা অর্জন সমবায়ের মূলভিত্তি। মূলতঃ একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্যে জনশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে রূপান্তর করার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও এর আওতাধীন আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ একযোগে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ সমবায় একাডেমি ও এর আওতাধীন আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের সার্বিক কার্যক্রম নিয়ে প্রকাশিত এ প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



**(মোহাম্মদ গিয়াস উদ্দিন)**
অধ্যাপক (প্রশিক্ষণ)
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার প্রাথমিক তথ্যাবলী | ০৭ |
| ০২. | বাংলাদেশ সমবায় একাডেমির বিদ্যমান সুযোগ-সুবিধা | ১১ |
| ০৩. | বাংলাদেশ সমবায় একাডেমির গবেষণা কার্যক্রম | ১৩ |
| ০৪. | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের এপিএ লক্ষ্যমাত্রা | ১৪ |
| ০৫. | বাংলাদেশ সমবায় একাডেমির ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি | ২১ |
| ০৬. | আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী এর পরিচিতি | ২৫ |
| ০৭. | আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ২৭ |
| ০৮. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার এর পরিচিতি | ৩০ |
| ০৯. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৩১ |
| ১০. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফরিদপুর এর পরিচিতি | ৩৪ |
| ১১. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফরিদপুর এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৩৫ |
| ১২. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর এর পরিচিতি | ৩৭ |
| ১৩. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৩৮ |
| ১৪. | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা এর পরিচিতি | ৪০ |
| ১৫. | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৪১ |
| ১৬. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর পরিচিতি | ৪৩ |
| ১৭. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৪৪ |
| ১৮. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর পরিচিতি | ৪৬ |
| ১৯. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৪৯ |
| ২০. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ এর পরিচিতি | ৫১ |
| ২১. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৫২ |
| ২২. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া এর পরিচিতি | ৫৪ |
| ২৩. | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৫৫ |
| ২৪. | শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটটি, বরিশাল এর পরিচিতি | ৫৭ |
| ২৫. | শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটটি, বরিশাল এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের অনুমোদিত বর্ষপঞ্জি | ৫৮ |

# বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের তথ্যাবলি ঃ

## বাংলাদেশ সমবায় একাডেমির প্রাথমিক তথ্যাবলী

### ❖ বাংলাদেশ সমবায় একাডেমির পরিচিতি ঃ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাংলাদেশ সমবায় একাডেমি, সমবায় অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন সর্বোচ্চ এবং জাতীয় পর্যায়ের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠন। কুমিল্লা শহর থেকে ১০ (দশ) কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পশ্চিম পার্শ্বে ময়নামতি সেনানিবাস সংলগ্ন দক্ষিণ পার্শ্বে কোটবাড়ীতে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর সাথে একই ক্যাম্পাসে এর অবস্থান। কোটবাড়ী একটি ঐতিহসিক স্থান। বৌদ্ধ সভ্যতার অন্যতম নিদর্শন শালবন বিহার এখানে অবস্থিত। এই শালবন বিহার আজ থেকে প্রায় ১২০০ বছর আগে জ্ঞান অর্জনের এক পাদপীঠ ছিল। ১২০০ বছর পরও কোটবাড়ী শিক্ষা অর্জনের অন্যতম স্থান হিসেবে দেশ ও বিদেশে সমানভাবে খ্যাত। কুমিল্লার একাডেমিক জোন নামে খ্যাত পাহাড় ঘেরা সবুজ শ্যামল পাখি ডাকা গাছপালা তরুলতা পাতা পল্লবে ঢাকা এক নয়নাভিরাম প্রাকৃতিক সভ্যতার লালনভূমি এক ঐতিহাসিক স্থানে অবস্থানের জন্য নিশ্চিতভাবেই বাংলাদেশ সমবায় একাডেমি গৌরব বোধ করে।

### ❖ বাংলাদেশ সমবায় একাডেমি প্রতিষ্ঠার ঐতিহাসিক পটভূমি ঃ

সমবায়ের লক্ষ্য হচ্ছে দেশের স্বল্প বিত্ত মানুষ তথা আপামর জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা। তাই বিংশ শতাব্দীর গোড়ার দিকে বৃটিশ শাসনামলে ১৯০৪ সালে অবিভক্ত ভারতে সমবায় আইন জারির মাধ্যমে সমবায় আন্দোলনের সূত্রপাত হয় এবং ক্রমে এর কার্যক্রম সর্ব সাধারণের মাঝে ছড়িয়ে পড়ে। ফলে সুশৃংখল ব্যবস্থাপনা পরিচালনায় এতদঞ্চলে সর্বত্র সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের প্রয়োজনীয়তা ব্যাপকভাবে অনুভূত হয়। এই অনুভূতি ও উপলব্ধি থেকেই সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের আত্মপ্রকাশ।

### ❖ ইংরেজ আমলে সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ঃ

ঐতিহাসিক ধারাবাহিকতায় সমবায় সমিতির ব্যবস্থাপনা যোগ্যতা এবং আর্থিক বুনিয়াদ সুদৃঢ় করা ও নেতৃত্বে উৎকর্ষতা সাধনের জন্য ১৯১৫ সালে ম্যাকলাগান কমিটি সমবায়ীদের প্রশিক্ষণ প্রক্রিয়ার বিস্তারিত সুপারিশ পেশ করে। দেশে সমবায় কর্মকাণ্ড প্রসারের সাথে প্রশিক্ষণের চাহিদা বৃদ্ধি লাভ করে। তৎপ্রেক্ষিতে দেশ বিভাগের পূর্বে তদানীন্তন অবিভক্ত বাংলার কলকাতার দমদমে ১৯৩৬ সালে ‘দি বেংগল কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট’ স্থাপিত হয়। এতদঞ্চলে তৎকালীন সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের কাজ উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমেই সম্পন্ন করা হত।

### ❖ দেশ বিভাগোত্তর সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ঃ

১৯৪৭ সালে ভারত বিভক্তির পর তৎকালীন পূর্ব পাকিস্তান অংশে সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে শূন্যতার সৃষ্টি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় “দি বেংগল কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট” বর্তমান বাংলাদেশের নওগাঁতে স্থানান্তর করা হয়। তৎকালীন পূর্ব পাকিস্তানের জন্য ১৯৪৯ সালে নতুন নামে “ইস্ট পাকিস্তান কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট” নামে ঢাকা থেকে ২৫ মাইল উত্তরে পূবাইলে একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপিত হয়। সেখানে একটি পরিত্যক্ত জমিদার বাড়িতে প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ কার্যক্রম শুরু করে। ১৯৬০ সাল পর্যন্ত সেখানে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারি ও সমবায়ীদের সমবায় বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। ১৯৭২ সালে East Pakistan Co-operative College টির নামকরণ করা হয় Bangladesh Co-operative College. ১৯৯৮ সালে সরকারি আদেশে এর নামকরণ হয় Bangladesh Co-operative Academy. প্রদেশের প্রশিক্ষণ চাহিদা অনুযায়ী উক্ত ইনস্টিটিউটে প্রদত্ত প্রশিক্ষণ ক্ষমতা ও সুবিধাদি ছিল খুবই অপ্রতুল। পরবর্তীতে ১৯৬২-৬৩ সালে এটিকে কেন্দ্র করে একটি উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়, যার আওতায় কলেজটি পুনরায় ১৯৬৩ সালে ঢাকা থেকে কোটবাড়ী, (বার্ড প্রাঙ্গণে) কুমিল্লায় স্থানান্তর করা হয়। কুমিল্লার কোটবাড়ীতে প্রতিষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির (বার্ড) প্রাঙ্গণে ১০.৩৪ একর জমিতে ০৫টি বিচ্ছিন্ন খণ্ডে সমবায় একাডেমির নিজস্ব প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন এবং কর্মকর্তা/ কর্মচারিদের জন্য আবাসিক ভবন নির্মাণ করা হয়।

## ❖ একাডেমির ভিশন ঃ

দক্ষ মানব সম্পদ তৈরীর লক্ষ্যে একটি সৃজনশীল ও আধুনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে ভূমিকা রাখা।

## ❖ একাডেমির মিশন ঃ

সমবায় সদস্য ও সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারিগণকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও সৃজনশীল কার্যক্রম পরিচালনা করা।

## ❖ লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

বাংলাদেশ সমবায় একাডেমি বাংলাদেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। সমবায় প্রশিক্ষণ সংক্রান্ত সার্বক বিষয়াদি অত্র প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। এ প্রতিষ্ঠান আর্থ-সামাজিক উন্নয়নে একটি স্বীকৃত ও সর্বজন গ্রহণযোগ্য পদ্ধতি সমবায়কে জনসাধারণের কাছে গ্রহণযোগ্য ও জনপ্রিয় করার জন্য কাজ করে যাচ্ছে । দেশের জনগণের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন ও সরকারের গৃহীত উন্নয়ন পরিকল্পনায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ সমবায় একাডেমি নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করছে:

(১) বাংলাদেশ সমবায় একাডেমি ও এর অধীনস্থ ১০টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটের জন্য উন্নয়ন পরিকল্পনা ও প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করা।

(২) উন্নত প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল অবলম্বনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

(৩) সমবায় সমিতির সদস্য ও কর্মকর্তাদের নেতৃত্বের বিকাশ ঘটানো এবং এ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা।

(৪) বিভিন্ন শ্রেণির প্রশিক্ষণ বিশেষ করে আইজিএ প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখা।

(৫) জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে উচ্চ নৈতিক মূল্যবোধ সম্পন্ন সমবায় নেতৃত্ব তৈরী করা।

(৬) সমবায়েরে বিভিন্ন ক্ষেত্রে সেমিনার, কর্মশালা সংগঠন ও পরিচালনা করা।

(৭) প্রশিক্ষক প্রশিক্ষণের আয়োজন করা।

(৮) অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল বাস্তবায়নের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করা এবং

(৯) সরকারের গৃহীত প্রকল্প ও কর্মসূচির জন্য প্রযোজ্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা।

**যোগাযোগের ঠিকানা ঃ**

অধ্যক্ষ
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।
ফোন ঃ ০৮১-৭৬০১৭
ওয়েব সাইট : www.bca.gov.bd
E-mail: bcacomilla@gmail.com
FB\Bangladesh Cooperative Academy

## বাংলাদেশ সমবায় একাডেমি যে সকল সেবা প্রদান করে থাকে ঃ

- সমবায় অধিদপ্তরের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা;
- সমবায় সমিতির সদস্যদের জন্য সময়োপযোগী এবং চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা, বিশেষত সমবায় সমিতি ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ, উদ্যোক্তা সৃষ্টি এবং আত্ম কর্মসংস্থান ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ট্রেডের আইজিএ প্রশিক্ষণের আয়োজন করা;
- সমবায় অধিদপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ আয়োজন করা;
- সমবায় সংশ্লিষ্ট গবেষণা সমবায় একাডেমির অন্যতম প্রধান কাজ করা;
- সমবায় আন্দোলন সম্পর্কিত সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
- সরকার ও সমবায় অধিদপ্তরের নির্দেশে অন্য যে কোন কাজ সমবায় একাডেমি সম্পাদন করে থাকে।
- স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ভূমিকা পালন করার জন্য সমবায়ী ও সমবায় অধিদপ্তরের কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান।
- চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় সম্পর্কে সমবায়ী ও সমবায় অধিদপ্তরের কর্মচারিদের প্রশিক্ষিত করে তোলা।

### ❖ একাডেমির দায়িত্ব ঃ

- সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের চাহিদা মাফিক বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান;
- সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যদের সমবায় ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ ও বিভিন্ন আয়বর্ধক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান;
- উন্নয়নে প্রাধান্য ও উন্নয়নের সমবায় ব্যবহার উপযোগী করা;
- বিভিন্ন সমবায় প্রতিষ্ঠানের উন্নয়ন প্রতিবন্ধকতা ও স্থবিরতা মূল্যায়ন করা;
- সমবায় কর্মকান্ডের উন্নয়নের সভা সেমিনার ও কর্মশালার আয়োজন এবং পরিচালনা করা;
- সমবায় সমিতি আইন ও বিধিমালার সময়োপযোগী সংশোধনে নীতি নির্ধারকদের সহায়তা করা;
- সমবায় সম্পর্কিত বই, জার্নাল, সাময়িকী, প্রকাশনা ও পৃষ্ঠপোষকতা করা;
- সমবায় শিক্ষা ও সম্প্রসারণের জন্য বিভিন্ন সমিতির মধ্যে আন্তঃসম্পর্ক সৃষ্টি করা;
- দেশের বিভিন্ন দপ্তর ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা।

### ❖ একাডেমির কার্যাবলি ঃ

সমবায় বিভাগীয় কর্মকর্তা/ কর্মচারিদের জ্ঞান, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভংগীর উন্নয়নের জন্য এবং সমবায়ের মাধ্যমে সমবায় সমিতির নেতৃবৃন্দের পেশা ভিত্তিক দক্ষতা বৃদ্ধি ও যোগ্য নেতৃত্বের উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমিতে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। যেমন:

**বিসিএস (সমবায়) ক্যাডারের কর্মকর্তাদের জন্য পরিচালিত প্রশিক্ষণকোর্স সমূহ ঃ**

০১. Project Planning & Management (PPM) Course
০২. Course on public procurement & EGP (PPA-2006 & PPR-2008)

০৩. Advanced Computer Management & Office Application
০৪. পেশাগত প্রশিক্ষণ কোর্স
০৫. সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স
০৬. Advanced Course on Management & Development Administration Course

**দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহ ঃ**

০১. পেশাগত প্রশিক্ষণ কোর্স
০২. সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স
০৩. Advanced Computer Application & Office Management
০৪. Development Administration (Office Management, APA & public procurement)
০৫. Project Planning and Management (PPM) Course
০৬. বিরোধ ও আপীল মামলা নিষ্পত্তি বিষয়ক কোর্স

**তৃতীয় শ্রেণির কর্মকর্তাদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহ ঃ**

০১. সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স
০২. Advanced Computer Application & Office Management
০৩. প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (TOT)

**সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং সাধারণ সদস্যবৃন্দের প্রশিক্ষণ কোর্সসমূহ ঃ**

**# আইজিএ কোর্স (আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কোর্স)**

০১. ইলেকট্রিক্যাল ইন্সট্যালেশন এন্ড মেইনটেনেন্স ফর কন্সট্রাকশন প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত)
০২. মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত)
০৩. গ্রাফিক ডিজাইন এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত)
০৪. আইজিএ সেলাই বিষয়ক প্রশিক্ষণ কোর্স
০৫. আইজিএ বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স
০৬. আইজিএ ফুড প্রসেসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স

**# সাধারণ প্রশিক্ষণ কোর্স**

**ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (সাধারণ ক্যাটাগরী)**

০২. সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্পসদস্য)
০৩. সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স
০৪. উদ্যোক্ত সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স
০৫. কর্মচারিদের পেশাগত দক্ষতা উন্নয়ন কোর্স

# বাংলাদেশ সমবায় একাডেমি ও এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের প্রশাসনিক তদারকি, পাঠ্যক্রম নির্ধারণ, প্রশিক্ষণ সূচি প্রণয়ন, প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং মান নিয়ন্ত্রণ করা;

# উন্নত প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল অবলম্বনের জন্য প্রয়োজনীয় উপকরণাদি সংগ্রহ করা;

\#  সমবায় অধিদপ্তরের নির্দেশে বিভিন্ন ধরনের পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা;

এছাড়া বাংলাদেশ সমবায় একাডেমি বিভিন্ন ধরনের সরকারি, আধা-সরকারি ও বেসরকারি সংস্থার চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কশপ, সেমিনার ও সিম্পোজিয়ামের ব্যবস্থা করে থাকে।

## ❖ বাংলাদেশ সমবায় একাডেমির বিদ্যমান সুযোগ-সুবিধাসমূহ ঃ

**বাংলাদেশ সমবায় একাডেমির বিদ্যমান সুযোগ সুবিধা ঃ**

০১। **শ্রেণিকক্ষ ঃ** প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমিতে ০৫টি শ্রেণি কক্ষ আছে। এর প্রতিটিতে ৩০-৩৫ জন প্রশিক্ষণার্থী একত্রে প্রশিক্ষণ গ্রহন করতে পারে। এ ০৫টি শ্রেণিকক্ষের মধ্যে ০৩টি শ্রেণিকক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত বাকী ০২টি সাধারণ শ্রেণিকক্ষ। প্রশিক্ষণার্থীদের আধুনিক পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের জন্য এখানে সর্বপ্রকার অডিও ভিজুয়্যাল এইড ব্যবহার করা হয়ে থাকে। প্রতিটি শ্রেণিকক্ষের জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম এর সংস্থান আছে।

০২। **হোস্টেল ঃ** বাংলাদেশ সমবায় একাডেমির প্রশিক্ষণার্থীদের জন্য ০২টি হোস্টেল আছে যেখানে ১২০-১২৫ জন প্রশিক্ষণার্থী থাকতে পারেন। প্রতিটি রুমে ০২ জন করে প্রশিক্ষণার্থী থাকতে পারেন। হোস্টেল দুটিতে এটাচ্ড ও কমন বাথ সম্বলিত দুই ধরণের কক্ষ আছে। এছাড়া অতিথিদের থাকার জন্য আরো ০২ টি ভিআইপি কক্ষ আছে।

০৩। **যানবাহন ঃ** সমবায় অধিদপ্তরের টিওএন্ডই মোতাবেক একাডেমি অধ্যক্ষের জন্য ০১টি প্রাইভেট কার, একাডেমির কর্মকর্তা ও স্টাফদের জন্য ০১টি মাইক্রোবাস এবং প্রশিক্ষণার্থীদের জন্য ০১টি মিনিবাস আছে।

০৪। **গ্রন্থাগার ঃ** প্রশিক্ষণার্থীসহ বাংলাদেশ সমবায় একাডেমির কর্মকর্তা/কর্মচারিদের ব্যবহারের জন্য একাডেমিতে বেশ সমৃদ্ধ একটি গ্রন্থাগার আছে। গ্রন্থাগারে ১২,৫০০ এর বেশি বই ও জার্নাল আছে। সমবায় সংশ্লিষ্ট দেশ ও বিদেশে বিভিন্ন ধরণের এবং বিভিন্ন বিষয়ভিত্তিক বই-পুস্তক পুস্তিকা ছাড়াও এখানে দেশের শীর্ষ স্থানীয় দৈনিক পত্রিকাগুলো পড়ার ব্যবস্থা আছে। তাছাড়া সরকাররের প্রকাশিত গেজেটও এখানে সংরক্ষণ করা হয়।

০৫। **ক্রীড়া ও বিনোদন ঃ** সমবায় একাডেমির প্রশিক্ষণার্থীদের জন্য একাডেমিতে বেশ কিছু ইনডোর গেমসের ব্যবস্থা আছে। এছাড়া ভলিবল ও ব্যাডমিন্টন, খেলার ব্যবস্থাও আছে।

০৬। **ব্যায়ামাগার ও অভ্যন্তরীন ক্রীড়া কক্ষ ঃ** সমবায় একাডেমির প্রশিক্ষণার্থীদের জন্য আধুনিক যন্ত্রপাতি সম্বলিত একটি ব্যায়ামাগার রয়েছে। সেখানে প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ চলাকালে শরীর চর্চাসহ বিভিন্ন ধরণের ইনডোর খেলাধুলা করতে পারেন।

০৭। **কম্পিউটার ল্যাব ঃ** একাডেমিতে একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব আছে যেখানে প্রশিক্ষণার্থীদের আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। কম্পিউটারগুলোকে নেটওয়ার্কিং করা হয়েছে। সার্বক্ষণিক বিদ্যুত নিশ্চিত করার জন্য একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন অনলাইন ইউপিএস রয়েছে।

০৮। **সম্মেলন কক্ষ ঃ** বাংলাদেশ সমবায় একাডেমিতে একটি আধুনিক সম্মেলন কক্ষ আছে। এ কক্ষটিতে একসাথে প্রায় ৮০ জন সভা, সেমিনার বা ওয়ার্কশপে অংশগ্রহণ করতে পারেন। সম্মেলন কক্ষটি সর্বপ্রকার আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত।

০৯। **ইন্টারনেট ও ওয়াইফাই সুবিধা ঃ** সমবায় একাডেমির প্রতিটি কক্ষ নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। একাডেমি এলাকায় উচ্চ গতির ব্রডব্যান্ড ইন্টারনেট ও ওয়াইফাই সুবিধা বিদ্যমান রয়েছে।

১০। **জেনারেটর ঃ** সমবায় একাডেমির প্রশাসনিক ভবন ও হোস্টেল ভবনের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ০২টি জেনারেটর রয়েছে।

১১। **ক্যাফেটেরিয়া ঃ** প্রশিক্ষণার্থী ও অতিথিদের আপ্যায়নসহ খাবারের জন্য একাডেমির হোস্টেলে একটি আধুনিক ক্যাফেটেরিয়া আছে।

১২। **প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি ঃ** দীর্ঘ মেয়াদি ও মধ্যম মেয়াদি প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে প্রশিক্ষণ কোর্স চলাকালীন ০৭(সাত) দিন পর পর সবগুলো অধীত বিষয়ের ভিত্তিতে প্রণীত সমন্বিত প্রশ্নমালার উপর একটি করে লিখিত পরীক্ষা নেওয়া হয়। লিখিত পরীক্ষা, শরীর চর্চা, মাঠ সমীক্ষা প্রতিবেদন ও অন্যান্য এ্যাসাইনমেন্টের উপর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একাডেমির অনুষদবৃন্দ প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করে থাকেন। তাছাড়া কোর্স পরিচালক প্রশিক্ষণার্থীদের আচার আচরণ, নিয়ম শৃংখলা, কাজের প্রতি আগ্রহ ইত্যাদির ভিত্তিতে অভ্যন্তরীণ মূল্যায়ন করেন থাকেন। উক্ত মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর চাকুরী সংক্রান্ত রিপোর্ট হিসেবে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরিত হয়। যদি কোন প্রশিক্ষণার্থী নিম্নলিখিত বিষয়সমূহের কোনটিতে ৫০% এর কম নম্বর পান, তাহলে তাকে অকৃতকার্য বলে গণ্য করা হয়। স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে প্রশিক্ষণ কোর্স শেষে সবগুলো অধীত বিষয়ের ভিত্তিতে প্রণীত সমন্বিত প্রশ্নমালার উপর একটি করে লিখিত পরীক্ষা নেওয়া হয়। লিখিত পরীক্ষা, মাঠ সমীক্ষা প্রতিবেদন ও অন্যান্য এ্যাসাইনমেন্টের উপর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একাডেমির অনুষদবৃন্দ প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করে থাকেন। তাছাড়া কোর্স পরিচালক প্রশিক্ষণার্থীদের আচার আচরণ, নিয়ম শৃংখলা, কাজের প্রতি আগ্রহ ইত্যাদির ভিত্তিতে অভ্যন্তরীণ মূল্যায়ন করেন থাকেন। উক্ত মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর চাকুরী সংক্রান্ত রিপোর্ট হিসেবে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরিত হয়। যদি কোন প্রশিক্ষণার্থী নিম্নলিখিত বিষয়সমূহের কোনটিতে ৫০% এর কম নম্বর পান, তাহলে তাকে অকৃতকার্য বলে গণ্য করা হয়।

(ক) **প্রশিক্ষণার্থী মূল্যায়ন ঃ** প্রশিক্ষণ পূর্ব প্রশিক্ষণার্থীর জ্ঞান সম্পর্কে সাধারণ ধারণা নিয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করা হয় এবং প্রশিক্ষণ চলাকালে ও প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে পাঠ্যক্রমভূক্ত ও পাঠ্যক্রম বহির্ভূত উভয়বিদ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণ ফলাফল একাডেমির রেজিস্ট্রারে সংরক্ষণ করা হয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়।

(খ) **প্রশিক্ষক মূল্যায়ন ঃ** প্রশিক্ষণ চলাকালীন এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত বিষেয় সংশ্লিষ্ট প্রশিক্ষকের আগ্রহ,দক্ষতা, বিষয়বস্তুর উপর জ্ঞানের গভীরতা, উচ্চারণ, কণ্ঠস্বর, বাচনভংগী, অঙ্গভঙ্গী, অডিও-ভিজুয়াল এইডের ব্যবহার, ফলপ্রসূতা, উপভোগ্যতা প্রভৃতি বিষয়ের উপর মূল্যায়ন করে থাকেন। পরবর্তীতে ফলাফল সংশ্লিষ্ট প্রশিক্ষকদের জানিয়ে দেয়া হয় এবং তার ভিত্তিতে তারা নিজেদের মান উন্নয়নের চেষ্টা করে থাকেন।

(গ) **প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন ঃ** প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থী কর্তৃক কোর্স ব্যবস্থাপনার উপর সার্বিক মূল্যায়ন হয়ে থাকে। প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণকে অত্যন্ত গুরুত্ব দেয়া হয়। যার ভিত্তিতে পরবর্তী কোর্সের মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হয়ে থাকে। বিভাগীয় প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে সর্বমোটঃ তাত্ত্বিক + ব্যবহারিক (৮০০ + ২০০)= ১০০০ নম্বর।

সমবায়ীদের ক্ষেত্রে কোর্সের মেয়াদ ও মডিউল অনুযায়ী নম্বর বিভাজন করে মূল্যায়ন করা হয়।

**১৩। প্রায়োগিক / ব্যবহারিক বিষয় ঃ**

- মাঠ সমীক্ষা/ মাঠ সফর ও সমিতি পরিদর্শন;
- অধিবেশনে উপস্থিতি;
- হোস্টেলে ও ডাইনিং এ অবস্থান;
- শরীর চর্চা ও খেলাধূলা;
- শৃঙ্খলা ও আচরণ;
- পুস্তক উপস্থাপনা;
- উপস্থিত বক্তৃতা;
- পাঠাগার ব্যবহার;
- মৌখিক পরীক্ষা।

## বাংলাদেশ সমবায় একাডেমির গবেষণা কার্যক্রম ঃ

গবেষণা যে কোনো প্রতিষ্ঠানের গতিশীলতার ও উন্নয়নের একটি আদর্শ মানদণ্ড। সমবায় অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমবায় আন্দোলন প্রসারের ক্ষেত্রে এর উপযোগিতা আরো বেশি প্রযোজ্য। সমবায় সংক্রান্ত বিভিন্ন সরকারী দলিল ও আইন বিধিতে গবেষণার উপর সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়েছে। The report of the martial Law Committee on Organizational Set Up Phase II (Departments, Directorates and Other Organizations Under Them), Volume X (Ministry of Local Government) Part-2 (Rural Development and Co-operative Division), Chapter I ( Department of Co-operatives, May 1983) বলা হয়েছে: one of the important objective of DoC is ` To conduct survey, research and case-study on the working of the co-operative Societies, publish results and reports and make recommendations to the Government. অপরদিকে The Project Proposal-A Summary of East Pakistan Co-operative College (Now Bangladesh Co-operative Academy-BCA) এর the scope of the activities of the college সম্পর্কে বলা হয়েছে.... (3) Research and Survey.

এছাড়াও সমবায় সমিতি বিধি ১৯৮৭ এর ১০২(৩)(ডি) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৮৪(৬)(ঘ) গবেষণা সম্পাদনের কথা বলা হয়েছে। উপরোক্ত ম্যাণ্ডেট পূরণ এবং সমবায়ের নতুন নতুন ক্ষেত্র উদ্ভাবনের জন্য গবেষণা কার্যক্রম সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, বিগত চার বছরে নিম্নোক্ত চারটি গুরুত্বপূর্ণ বিষয়ে চারটি গবেষণা সম্পাদিত হয়েছে এবং গ্রন্থাকারেও প্রকাশিত হয়েছে।

| ক্রঃ নং | বছর | গবেষণার শিরোনাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | ২০১৫ - ২০১৬ | Post training Impact Study of the IGA Training Courses of the Female Participants Conducted by Bangladesh Co-operative Academy and Co-operative Zonal Training Institutes. | A research book on Coop IGA training impact. |
| ০২. | ২০১৬ - ২০১৭ | Training Needs Analysis for Cooperative. | A research book on TNA |
| ০৩. | ২০১৭ - ২০১৮ | Recent Debacle of Cooperative Societies in Bangladesh: Realities, Causes and Measures. | A research book on Cooperative Debacle in Bangladesh. |
| ০৪. | ২০১৮ - ২০১৯ | সফল ও টেকসই সমবায় সমিতির নিয়ামকসমূহ | সফল সমবায় সমিতি গঠন বিষয়ক গবেষণা গ্রন্থ |
| ০৫. | ২০১৯ - ২০২০ | নারীর ক্ষমতায়নে সমবায় অর্জন, চ্যালেঞ্জ ও সম্ভাবনা | নারীর ক্ষমতায়ন ও উন্নয়নে সমবায়ের ভূমিকা বিষয়ে গবেষণা গ্রন্থ। |
| ০৬. | ২০২০ - ২০২১ | বঙ্গবন্ধুর সমবায় দর্শন প্রয়োগ অর্জন প্রাসঙ্গিকতা | সমবায় নিয়ে “বঙ্গবন্ধুর ভাবনা” বিষয়ে গবেষণা গ্রন্থ। |
| ০৭. | ২০২১ - ২০২২ | সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উন্নয়ন ও বাজার সৃষ্টি | সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উন্নয়ন ও বাজার সৃষ্টিতে ভূমিকা সংক্রান্ত গবেষণা গ্রন্থ। |
| ০৮. | ২০২২- ২০২৩ | গ্রামীণ আর্থ-ব্যবস্থাপনায় মহিলা সমবায় সমিতির অন্তর্ভূক্তি: একটি প্রায়োগিক অনুসন্ধান | গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে মহিলা সমবায় সমিতির ভুমিকা সংক্রান্ত গবেষণা গ্রন্থ। |

## বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের এপিএ বাস্তবায়ন অগ্রগতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | অর্জনের হার | ওয়েটেড স্কোর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমবায়ী প্রশিক্ষণ (আইজিএ) | আইজিএ (পুরুষ) | ০৭ | ১২২০ | ১৫৪৫ | ১১১% | ০৭ |
| | আইজিএ (মহিলা) | ০৫ | ৯০৫ | ১৫০৫ | ১৬৬% | ০৫ |
| সমবায়ী প্রশিক্ষণ (সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য) | সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (পুরুষ) | ০৮ | ১৫৯০ | ১৯০৩ | ১১৯% | ০৮ |
| | সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (মহিলা) | ০৫ | ৬৮৫ | ৯৬২ | ১৪০% | ০৫ |
| প্রশিক্ষণ কোর্স ফলপ্রসূকরণ | বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী | ০৫ | ১১ | ১১ | ১০০% | ০৫ |
| | কোর্স নির্দেশিকা তৈরী | ০৫ | ২৪৮ | ৩১৭ | ১২৭% | ০৫ |
| | প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরী | ০৩ | ২৫ | ২৫ | ১০০% | ০৩ |
| মানোন্নয়ন | প্রশিক্ষণার্থীর ডাটাবেইজ তৈরী | ০৫ | ১১ | ১১ | ১০০% | ০৫ |
| প্রভাব মূল্যায়ন | কোর্স মূল্যায়ন | ০৫ | ২৪৮ | ৩১৭ | ১২৭% | ০৫ |
| সেমিনার/কর্মশালা | কর্মশালা/সেমিনার | ০৫ | ০২ | ০৩ | ১৫০% | ০৫ |
| গবেষণা ও উদ্ভাবন | উদ্ভাবন ও গবেষণা কার্যক্রম | ০৭ | ০১ | ০১ | ১০০% | ০৭ |
| কর্মকর্তা-কর্মচারি প্রশিক্ষণ | কর্মকর্তা-কর্মচারি (পুরুষ) | ০৭ | ১৫২৫ | ১৭২৭ | ১১৩% | ০৭ |
| | কর্মকর্তা-কর্মচারি (মহিলা) | ০৩ | ২৭৫ | ৩৬৮ | ১৩৩% | ০৩ |
| | সর্বমোট = | ৭০ | -- | -- | -- | ৭০ |

## বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষের এপিএ লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | কার্যসম্পাদন সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| [১.১] সমবায়ী প্রশিক্ষণ (আইজিএ) | [১.১.১] আইজিএ (পুরুষ) | ০৭ | ১২২০ |
| | [১.১.২] আইজিএ (মহিলা) | ০৫ | ১১৫৫ |
| [১.২] সমবায়ী প্রশিক্ষণ (সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য) | [১.২.১] সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (পুরুষ) | ০৮ | ১৬৬০ |
| | [১.২.২] সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (মহিলা) | ০৫ | ৭৯০ |
| [২.১] প্রশিক্ষণ কোর্স ফলপ্রসূকরণ | [২.১.১] বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী | ০৫ | ১১ |
| | [২.১.২] কোর্স নির্দেশিকা তৈরী | ০৫ | ২৬২ |
| | [২.১.৩] প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরী | ০৩ | ২৫ |
| [২.২] মানোন্নয়ন | [২.২.১] প্রশিক্ষণার্থীর ডাটাবেইজ তৈরী | ০৫ | ১১ |
| [২.৩] প্রভাব মূল্যায়ন | [২.৩.১] কোর্স মূল্যায়ন | ০৫ | ২৬২ |
| [৩.১] সেমিনার/কর্মশালা | [৩.১.১] সেমিনার/কর্মশালা | ০৫ | ০২ |
| [৩.২] গবেষণা ও উদ্ভাবন | [৩.২.১] গবেষণা কার্যক্রম | ০৭ | ০১ |
| [৪.১] কর্মকর্তা-কর্মচারি প্রশিক্ষণ | [৪.১.১] কর্মকর্তা/কর্মচারী (পুরুষ) | ০৭ | ১৪৪৫ |
| | [৪.১.২] কর্মকর্তা/কর্মচারী (মহিলা) | ০৩ | ২৮০ |

## বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার ২০২২-২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি



















সেমিনার






সেমিনার










উদ্বোধনী অনুষ্ঠান
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা


আইজিএ বিউটিফিকেশন
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী,


বিউটিফিকেশন কোর্স


সমবায় আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ
মেয়াদ: ৩০/০৪/২০২৩খ্রিঃ হতে ১১/০৫/২০২৩খ্রিঃ পর্যন্ত ।
অংশগ্রহণে: উপ-সহকারী নিবন্ধক/ উপজেলা সমবায় কর্মকর্তা
বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী,


আইজিএ সেলাই প্রশিক্ষণ কোর্স


আইজিএ সেলাই প্রশিক্ষণ










ইজিএ সেলাই প্রশিক্ষণ কোর্স






সমাপনী অনুষ্ঠান


অনুষ্ঠান
















সেমিনার


আলোচনা


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর
১০৩ তম জন্মবার্ষিকী
ও
জাতীয় শিশু দিবস-২০২৩


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর




সেমিনার






আয়োজনে: বাংলাদেশ সমবায় একাডেমি



## বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার ২০২৩-২০২৪
## প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়নের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ। অন্য সকল গণতান্ত্রিক দেশের মত বাংলাদেশের জনগণকে দেশের সর্বাধিক গুরুত্বপূর্ণ সম্পদ হিসেবে বিবেচনা করা হয়। জনগণের মেধা, দক্ষতা, সৃষ্টিশীলতা এবং দেশের কল্যাণে দৃঢ় অঙ্গিকারই একটি দেশের প্রাকৃতিক ও ভৌত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে। এটি প্রতিষ্ঠিত সত্য যে, প্রশিক্ষণ ও শিক্ষার মাধ্যমে সাধারণ জনগণকে মানব সম্পদে রূপান্তর করা সম্ভব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদ অনুযায়ী সকল সময়ে জনগণকে সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য। অর্থাৎ জনসেবা করাই গণকর্মচারীর দায়িত্ব। এ প্রেক্ষিতে উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ গণকর্মচারী দেশের সার্বিক উন্নয়নের অপরিহার্য শর্ত। ফলশ্রুতিতে সরকারি কর্মচারীদের দক্ষতা উন্নয়ন, অর্থনীতির সকল খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি, সামাজিক উন্নয়ন, বেকারত্ব হ্রাস, বৈষম্য হ্রাস এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নকে অন্যতম কৌশল হিসেবে গ্রহণ করেছে।

৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে পর্যায়ক্রমে একটি উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনায় ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করা, শিল্পায়ন, অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণের পাশাপাশি দারিদ্র বিমোচন, খাদ্য নিরাপত্তা অর্জন, নারীর ক্ষমতায়ন, মানব সম্পদ উন্নয়ন এবং কৃষি ও পল্লী উন্নয়নকে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। তাছাড়া দারিদ্র্য দূরীকরণ, আয় বৈষম্য হ্রাস এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতার উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ সৃষ্টি করা সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অন্যতম একটি কৌশল। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে ৩(তিন) প্রকার প্রশিক্ষণ ও শিক্ষায় গুরুত্ব আরোপ করা হয়েছে;

১। দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ;
২। জীবনধারণ নৈপুণ্যে প্রশিক্ষণ;
৩। পেশাগত ও কারিগরি শিক্ষা।

## জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন ঃ

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) সারাদেশের সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে জনগণের দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ সমবায় একাডেমি ২০.০৩.২০২৩খ্রি. তারিখ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর নিবন্ধন লাভ করে। আশা করছি ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণ বর্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ((NSDA) নিবন্ধনকৃত কোর্স কারিকুলাম অনুযায়ী নিবন্ধিত কোর্স সমূহ পরিচালনা করতে পারবো। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ((NSDA) এর নির্দেশনাসমূহ নিম্নরূপ :

০১। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নির্ধারিত কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান;

০২। আয়বর্ধনমূক (আইজিএ) প্রশিক্ষণ ন্যূনতম ৩৬০ ঘন্টা ব্যাপী;

০৩। মান সম্মত প্রশিক্ষণ পরিবেশ/ অবকাঠামো উন্নয়ন ;

০৪। প্রফেশনাল প্রশিক্ষক পুল থাকা;

০৫। প্রশিক্ষণ মূল্যায়ন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে হওয়া;

০৬। প্রশিক্ষণ সনদ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (NSDA) মাধ্যমে প্রদান;

## বাংলাদেশ সমবায় একাডেমির ২০২৩-২০২৪
## প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়নে সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

০১। সমবায় ক্যাডার কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাদের পেশাগত কর্মদক্ষতা ও মান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করা ;

০২। সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা;

০৩। সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যদের নের্তৃত্ব, মোটিবেশন, আইন/বিধি, ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা;

০৪। সমবায় সমিতির সদস্যদের আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডভিত্তিক আইজিএ প্রশিক্ষণ আয়োজন করা;

**প্রতিষ্ঠানের পরিচিতি ঃ** বাংলাদেশের একমাত্র জেলা ফেনী যা ফেনী নদীর নামে নামকরণ। চট্টগ্রাম বিভাগের ১০টি জেলার মধ্যে ভৌগোলিক কারনে এ জেলা অনেক গুরুত্ব বহন করে। এ কারনেই ১৯৬২-৬৩ সনে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের কার্যক্রম আরম্ভ করা হয় ফেনী শহরের একটি ভাড়া বাড়িতে। পরবর্তীতে ২০০৩ সালে ফেনী শহর থেকে ৫ কিঃ মিঃ পশ্চিমে ফেনী - নোয়াখালী রোডের পাশে দক্ষিন কাশিমপুর এলাকায় নিজস্ব ভবনে এর কার্যক্রম নতুনভাবে আরম্ভ করা হয়। সবুজ শ্যামলে ঘেরা অত্যন্ত নিরিবিলি পরিবেশে একটি দ্বিতল বিশিষ্ট প্রশাসনিক ভবন, একটি হোস্টেল ও অধ্যক্ষের বাসভবন সহ প্রায় ৫.৮৯ একর জায়গা জুড়ে এর অবস্থান। বাংলাদেশের যে কোন জেলা হতে ফেনীর মহিপাল নেমে মিনিবাস, সিএনজি অথবা রিক্সাযোগে সহজেই ইনস্টিটিউটে আসা যায়।

**প্রতিষ্ঠানের অবস্থান ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী। মহিপাল থেকে পাচঁগাছিয়া ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের দক্ষিণ কাশিমপুরের তেমুহনী বাজারের পাশে অবস্থান। তাছাড়া ফেনী মহিপাল থেকে ফেনী নোয়াখালী সড়কের তেমুহনী বাজার থেকে হাতের ডান দিকে রাজাপুর বিরলী সড়কে ৫০০ গজ সামনে হাতের বাম পাশে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর অবস্থান।

**কার্য এলাকাঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর আওতাধীন চট্টগ্রাম বিভাগের ১১ টি জেলার মধ্যে ব্রাহ্মণবাড়ীয়া জেলা ব্যতীত বাকী ১০ টি জেলা সমূহঃ ১। নোয়াখালী, ২। লক্ষ্মীপুর, ৩। চাঁদপুর, ৪। কুমিল্লা, ৫। ফেনী, ৬। চট্টগ্রাম, ৭। কক্সবাজার, ৮। খাগড়াছড়ি, ৯। রাঙ্গামাটি, ১০। বান্দরবান।

**প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত সেবা/কার্যক্রম ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। তাই প্রশিক্ষণ প্রদানই এর প্রধান কার্যক্রম। অত্র ইনস্টিটিউটে সমবায় বিভাগীয় কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন, কো-অপারেটিভ অডিটিং, অফিস ব্যবস্থাপনা, স্টাফ উন্নয়ন কোর্স, আইসিটি ও কম্পিউটার এপ্লিকেশন এবং সমবায় সমিতির সদস্যদের সমবায় ব্যবস্থাপনা, সমিতির হিসাব সংরক্ষণ, এবং আয়বর্ধন মূলক প্রশিক্ষণ যেমন গরু মোটাতাজাকরণ, মৎস্যচাষ, গাভী পালন, ব্লক-বাটিক, মোবাইল সার্ভিসিং, ক্রিস্টাল শো-পিস, হস্তশিল্প, সেলাই এবং ইলেক্ট্রিকেল ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়।

**যোগাযোগের মাধ্যম ঃ** বাংলাদেশের যে কোন জেলা থেকে ঢাকার সায়েদাবাদ এসে বাস যোগে অথবা ঢাকার কমলাপুর থেকে ঢাকা-চট্টগ্রামের যে কোন ট্রেনে ফেনী রেল ষ্টেশনে নেমে সিএনজি অথবা অটোরিক্সায় আসা যাবে। অথবা ঢাকা-চট্টগ্রামের মহাসড়কের ফেনী মহিপাল ফ্লাইওভার থেকে ঢাকা থেকে আসলে হাতের ডান দিকে এবং চট্টগ্রাম থেকে আসলে হাতের বাম দিকে ফেনী নোয়াখালী সড়কে ০২ কিঃ মিঃ এসে তেমুহনী বাজার থেকে রাজাপুর বিরলী সড়কে হাতের বাম দিকে ৫০০ গজ এসে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ফেনী এর প্রধান ফটক দেখা যাবে। ফেনীর মহিপাল ফ্লাইওভার থেকে সিএনজি অথবা রিক্সা যোগে ইনস্টিটিউটটে আসা যায়।

অধ্যক্ষ (উপনিবন্ধক)
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী
মোবাইলঃ ০১৮১৯৪৮১৩৭৬
ই-মেইল যোগাযোগঃ principal.fenizonal@gmail.com
ফেইসবুক- https://www.facebook.com/czi.feni
ওয়েব পোর্টালঃ https://czi.feni.gov.bd

# আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণবর্ষের
## অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর ধরণ | কোর্সের মেয়াদ | অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১. | স্টাফ উন্নয়ণ কোর্স | অফিস সহায়ক | ০৫ দিন | ১৬/০৭/২০২৩ - ২০/০৭/২০২৩ | ২৫ |
| ০২. | আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স | অফিস সহকারী | ০৫ দিন | ২৩/০৭/২০২৩ - ২৭/০৭/২০২৩ | ২৫ |
| ০৩. | সমবায় আইন ও বিধিমালা বিষয়ক কোর্স | সহকারী পরিদর্শক | ০৫ দিন | ০৬/০৮/২০২৩ - ১০/০৮/২০২৩ | ২৫ |
| ০৪. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫ দিন | ১৩/০৮/২০২৩ - ১৭/০৮/২০২৩ | ২৫ |
| ০৫. | সমিতি হিসাব সংরক্ষণ কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫ দিন | ২০/০৮/২০২৩ - ২৪/০৮/২০২৩ | ২৫ |
| ০৬. | কম্পিউটার এপ্লিকেশন কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ২৭/০৮/২০২৩ - ০৭/০৯/২০২৩ | ২৫ |
| ০৭. | আইজিএ মৎস্য চাষ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ১০/০৯/২০২৩ - ১৪/০৯/২০২৩ | ২৫ |
| ০৮. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ১৭/০৯/২০২৩ - ২১/০৯/২০২৩ | ২৫ |
| ০৯. | আইজিএ গরু মোটাতাজাকরণ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ২৪/০৯/২০২৩ - ২৮/০৯/২০২৩ | ২৫ |
| ১০. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ০১/১০/২০২৩ - ০৫/১০/২০২৩ | ২৫ |
| ১১. | আইজিএ গরু মোটাতাজাকরণ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ০৮/১০/২০২৩ - ১২/১০/২০২৩ | ২৫ |
| ১২. | সমবায় উদ্যোক্তা সৃষ্টি কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫ দিন | ১৫/১০/২০২৩ - ১৯/১০/২০২৩ | ২৫ |
| ১৩. | সমিতি হিসাব সংরক্ষণ কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫ দিন | ২২/১০/২০২৩ - ২৬/১০/২০২৩ | ২৫ |
| ১৪. | আইজিএ ব্লক বাটিক কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ১২ দিন | ০৫/১১/২০২৩ - ১৬/১১/২০২৩ | ২৫ |
| ১৫. | আইজিএ মৎস্য চাষ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ১৯/১১/২০২৩ - ২৩/১১/২০২৩ | ২৫ |
| ১৬. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ২৬/১১/২০২৩ - ৩০/১১/২০২৩ | ২৫ |
| ১৭. | আইজিএ বেসিক কম্পিউটার কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ৬০ দিন | ০৩/১২/২৩ - ০১/০২/২০২০২৪ | ২৫ |
| ১৮. | কম্পিউটার এপ্লিকেশন কোর্স | অফিস সহকারী | ১২ দিন | ০৪/০২/২০২৪ - ১৫/০২/২০২৪ | ২৫ |
| ১৯. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ১৮/০২/২৪ - ২২/০২/২০২৪ | ২৫ |
| ২০. | আইজিএ মৎস্য চাষ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ০৩/০৩/২৪ - ০৭/০৩/২০২৪ | ২৫ |
| ২১. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ১০/০৩/২৪ - ১৪/০৩/২০২৪ | ২৫ |
| ২২. | সমবায় উদ্যোক্তা সৃষ্টি কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ১৭/০৩/২৪ - ২১/০৩/২০২৪ | ২৫ |
| ২৩. | সমিতি হিসাব সংরক্ষণ কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫ দিন | ২১/০৪/২৪ - ২৫/০৪/২০২৪ | ২৫ |
| ২৪. | আইজিএ গরু মোটাতাজাকরণ কোর্স | সমবায় সমিতির পরুষ সদস্য | ০৫ দিন | ০৫/০৫/২৪ - ০৯/০৫/২০২৪ | ২৫ |
| ২৫. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ০৫ দিন | ১২/০৫/২৪ - ১৬/০৫/২০২৪ | ২৫ |
| ২৬. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ০৫দিন | ০২/০৬/২৪ - ০৬/০৬/২০২৪ | ২৫ |

# আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী এর ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি




















## (০৭) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ ঃ

**ভূমিকা ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংযুক্ত দপ্তর সমবায় অধিদপ্তর এর আওতাধীন বাংলাদেশ সমবায় একাডেমি এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান। জাতীয় পর্যায়ের এ সমবায় একাডেমির অধীন বর্তমানে ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট রয়েছে। ১৯৬৪ সালে একটি প্রকল্পের মাধ্যমে মুক্তাগাছা, নওগাঁ, ফেনী ও কুষ্টিয়ায়; ১৯৬৫ সালে ফরিদপুর, খুলনা, মৌলভীবাজার ও রংপুর; ২০০৩ সালে বরিশাল এবং ২০১১ সালে নরসিংদী আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। নরসিংদী ব্যতীত অন্যান্য ৯টি প্রতিষ্ঠানের জায়গার আয়তনে কমবেশি হলেও মূল অবকাঠামো প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন, অধ্যক্ষের বাস ভবন একই নক্সায় তৈরি।

প্রতিষ্ঠানটি একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। নিজস্ব প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে। সমবায় কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধি, সমবায় প্রতিষ্ঠানের হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ক, সাধারণ সমবায়ীদের জন্য আয়বৃদ্ধিমূলক (IGA) প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মচারিদের মধ্যে সহকারি পরিদর্শক ও সমপদের জন্য সমবায় অডিটিং কোর্স, আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স, রিফ্রেসার্স কোর্স, অফিস সহকারী ও সমপদের জন্য আধুনিক অফিস ব্যবস্থাপনা এবং অফিস সহায়কদের জন্য স্টাফ উন্নয়ন কোর্স অনুষ্ঠিত হয়। সমবায় প্রতিষ্ঠানের জন্য সভাপতি-সম্পাদক বা ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য "সমবায় ব্যবস্থাপনা" এবং সমিতির হিসাব রক্ষক বা হিসাবের সাথে জড়িত কর্মচারি বা সদস্যের জন্য "সমিতির হিসাব সংরক্ষণ" প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এছাড়াও সমিতির সাধারণ সদস্য সমবায়ীদের জন্য পেশা-বৃত্তিমূলক বিভিন্ন ট্রেড এ প্রশিক্ষণ প্রদান করা হয়। এই সকল ট্রেড মাঠ পর্যায়ে সমবায়ীদের চাহিদা ও সমবায় একাডেমির অনুমোদনের মাধ্যমে নির্বাচিত হয়।

প্রতিষ্ঠানটি ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত। পূর্বে নওগাঁ জেলার গুরুত্বপূর্ণ কেন্দ্রস্থল মুক্তির মোড় এলাকায় সমবায় বিভাগের নিজস্ব জায়গায় (বর্তমানে জেলা সমবায় অফিস) অবস্থিত ছিল। ভবনটি আনুষ্ঠানিকভাবে পরিত্যক্ত ঘোষিত হলেও এখনো পুরাকীর্তির মত রয়েছে যা 'লাল বিল্ডিং' নামে সমবায় অঙ্গনে পরিচিত। পরবর্তীতে নওগাঁ শহরের বড় বাজার বা গোস্তহাটির মোড় হতে দুবলহাটি রোডে পাটালির মোড় পার হয়ে ফিসারিজ সংলগ্ন ৪.৯৫ একর জায়গাঁটির উপরে ১৯৯৮ সালে একটি প্রকল্পের মাধ্যমে বর্তমান অবকাঠামো একটি দ্বি-তলা অফিস ভবন ও দ্বি-তলা হোস্টেল ভবন, অধ্যক্ষের বাস ভবন নির্মাণ করা হয়। প্রতিষ্ঠানের অতি সন্নিকটেই রয়েছে মৎস্য বিভাগের "ফিসারীজ", পাশেই রয়েছে পলিটেকনিক্যাল ইনস্টিটিউট। স্থাপত্য নক্সা মোতাবেক দ্বিতল প্রশাসনিক ভবনের নীচ তলায় ১টি (হলরুম) শ্রেণি কক্ষ, উপরে ১টি কক্ষ কম্পিউটার ল্যাব রয়েছে। লাইব্রেরী রুম, অধ্যক্ষের কক্ষ, অফিস কক্ষ, পরিদর্শকদের কক্ষ রয়েছে। দ্বিতল হোস্টেল ভবনে রান্না-ডাইনিং সুবিধাসহ ২৫জন প্রশিক্ষণার্থীর থাকার ব্যবস্থা রয়েছে। দোতালার দু'টি কক্ষ অতিথি কক্ষ হিসাবেও ব্যবহৃত হয়।

**প্রতিষ্ঠানের অবস্থান ঃ** নওগাঁ শহরের বড় বাজার বা গোস্তহাটির মোড় হতে দুবলহাটি রোডে পাটালির মোড় পার হয়ে ফিসারিজ সংলগ্ন ৪.৯৫ একর জায়গাঁটির উপরে ১৯৯৮ সালে একটি প্রকল্পের মাধ্যমে বর্তমান অবকাঠামো একটি দ্বি-তলা অফিস ভবন ও দ্বি-তলা হোস্টেল ভবন, অধ্যক্ষের বাস ভবন নির্মাণ করা হয়। ভিতরে সীমানা প্রাচীর ঘেষে প্রশিক্ষণার্থীদের মর্নিংওয়াক এর জন্য ওয়াকওয়ে, পুকুর, লেক, খেলার মাঠ রয়েছে। অত্যাধুনিক বহুজাতিক বিরল আমবাগান, পেয়ারা বাগান, নানা জাতের দেশি-বিদেশী ফলের গাছ, ফুল বাগান ও সবুজ বেস্টনি রয়েছে।

**যোগাযোগ ঃ** ঢাকা বা যে কোন শহর থেকে বাস যোগে নওগাঁ জেলা শহরে অথবা রেলযোগে সান্তাহার রেল স্টেশনের নেমে শহরের বাজার এলাকায় গোস্তহাটির মোড় যেতে হবে। সেখান হতে রিক্সা যোগে দুবলহাটি রোডে আরজি নওগাঁ এলাকায় শাহী মসজিদের পর ফিসারীর পাশেই আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ যাওয়া যাবে।

**কার্য এলাকা ঃ** রাজশাহী বিভাগের ৭টি জেলা এ প্রতিষ্ঠানের কার্য এলাকা। রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট। এ সকল জেলার সমবায়ী এবং কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ ইনস্টিটিউটটি বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লার প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে।

## ❖ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ যে সকল সেবা প্রদান করে থাকে ঃ

- বিভাগীয় সমবায় কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা।
- সমবায় সমিতির সদস্যদের জন্য সময়োপযোগী এবং চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা, বিশেষত সমবায় সমিতি ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ, উদ্যোক্তা সৃষ্টি এবং আত্ম কর্মসংস্থান ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ট্রেডের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা;
- প্রশিক্ষণে মনোনিত প্রশিক্ষণার্থীগণের সাথে প্রশিক্ষণ পূর্বে মোবাইলে যোগাযোগ করা;
- সমবায় অধিদপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্পের যে কোন প্রকার প্রশিক্ষণ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ আয়োজন করে থাকে;
- সমবায় সংশ্লিষ্ট গবেষণা সম্পাদন করা;
- সমবায় সম্পর্কিত সভা সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
- সরকার ও সমবায় অধিদপ্তরের নির্দেশে অন্য যে কোন কাজ সম্পাদন করে থাকে।

## ❖ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁর দায়িত্ব ঃ

- সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের চাহিদা মাফিক বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান;
- সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যদের সমবায় ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ ও বিভিন্ন আয়-বর্ধক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান;
- উন্নয়নে প্রাধান্য ও উন্নয়নের সমবায় ব্যবহার উপযোগী করা;
- বিভিন্ন সমবায় প্রতিষ্ঠানের উন্নয়ন প্রতিবন্ধকতা ও স্থবিরতা মূল্যায়ন করা;
- সমবায় কর্মকান্ডের উন্নয়নের সভা সেমিনার ও কর্মশালার আয়োজন এবং পরিচালনা করা;
- সমবায় সমিতি আইন ও বিধিমালার সময়োপযোগী সংশোধনে নীতি নির্ধারকদের সহায়তা করা;
- সমবায় সম্পর্কিত বই, সাময়িকী, প্রকাশনা ও পৃষ্ঠপোষকতা করা;
- সমবায় শিক্ষা ও সম্প্রসারণের জন্য বিভিন্ন সমিতির মধ্যে আন্তঃসম্পর্ক সৃষ্টি করা;
- সমবায় একাডেমি এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা;
- সমবায় অধিদপ্তর ও দেশের বিভিন্ন দপ্তর প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা;
- প্রশিক্ষণ গ্রহণের পর গৃহীত প্রশিক্ষণভিত্তিক কার্যক্রম পরিকল্পনার তদারকী করা;

## ❖ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর সুযোগ-সুবিধা ঃ

(১) **শ্রেণিকক্ষ ঃ** প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদানের জন্য ২টি (একটি শীততাপ নিয়ন্ত্রিত) শ্রেণিকক্ষ এবং ১টি ব্যবহারিক কক্ষ আছে। এর প্রতিটিতে ৩০-৩৫ জন প্রশিক্ষণার্থী একত্রে প্রশিক্ষণ গ্রহণ করতে পারে। প্রশিক্ষণার্থীদের আধুনিক পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের জন্য এখানে সর্বপ্রকার অডিও ভিজুয়্যাল এইড ব্যবহার করা হয়ে থাকে। প্রতিটি শ্রেণিকক্ষের জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম এর ব্যবস্থা আছে।

(২) **হোস্টেল ঃ** ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের প্রত্যেকটিতে ০১টি করে আধুনিক সুবিধা সম্পন্ন হোস্টেল আছে যেখানে ৪০ জন প্রশিক্ষণার্থী থাকতে পারেন। প্রতিটি রুমে ০২ জন করে প্রশিক্ষণার্থী অবস্থান করতে পারেন।

(৩) **গ্রন্থাগার ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট নওগাঁ ছোট আকারে একটি গ্রন্থাগার আছে। গ্রন্থাগারে ৫০০ এর বেশী বই ও জার্নাল আছে। এছাড়া দেশ ও বিদেশের বই-পুস্তক ছাড়াও এখানে দেশের শীর্ষস্থানীয় দৈনিক পত্রিকাগুলো পড়ার ব্যবস্থা আছে।

(৪) **ক্রীড়া ও বিনোদন ঃ** প্রশিক্ষণার্থীবৃন্দের সুসাস্থের কথা বিবেচনা করে ইনডোর, আউটডোর খেলার ব্যবস্থা রয়েছে। এখানে ইনডোর গেমস এর সুবিধার পাশাপাশি ভলিবল, ব্যাডমিন্টন ও ফুটবল খেলার ব্যবস্থা আছে।

(৫) **কম্পিউটার ল্যাব ঃ** একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব আছে, যেখানে প্রশিক্ষণার্থীদের আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।

(৬) **ইন্টারনেট ও ওয়াইফাই সবুিধা ঃ** সমবায় ইনস্টিটিউট নওগাঁকে নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ইনস্টিটিউট এলাকায় উচ্চ গতির ব্রডব্যান্ড ইন্টারনেট ও ওয়াইফাই সুবিধা বিদ্যমান রয়েছে।

(৭) **জেনারেটর ঃ** সমবায় ইনস্টিটিউট নওগাঁ এর প্রশাসনিক ভবন ও হোস্টেল ভবনের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ০১টি জেনারেটর রয়েছে।

(৮) **ক্যাফেটেরিয়া ঃ** প্রশিক্ষণার্থীদের খাবার এর জন্য ইনস্টিটিউট এর হোস্টেলে একটি করে ক্যাফেটেরিয়া আছে।

➢ **যোগাযোগের ঠিকানা ঃ**

অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
দুবলহাটি ফিসারী এলাকা, নওগাঁ।
ই-মেইল ঃ principal_naogaomczi@yahoo.com

# আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নওগাঁ এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণবর্ষের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর ধরণ | কোর্সের মেয়াদ | অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১. | সমবায় আইন ও বিধিমালা (অনলাইন) কোর্স | পরিদর্শক | ০৫ দিন | ১৩/০৭/২০২৩ - ২৭/০৭/২০২৩ | ২৫ জন |
| ০২. | হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৬/০৮/২০২৩ - ১০/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৩. | আইজিএ -সেলাই (ইলেকট্রিক মেশিনে) | সমবায়ী | ৬০ দিন | ১৩/০৮/২০২৩ - ১২/১০/২০২৩ | ২৫ জন |
| ০৪. | সমবায় অডিটিং কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ১৩/০৮/২০২৩ - ২৪/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৫. | হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৭/০৮/২০২৩ - ৩১/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৬. | আইজিএ -ব্লক বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৩/০৯/২০২৩ - ১৪/০৯/২০২৩ | ২৫ জন |
| ০৭. | আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স | অফিস সহকারী | ০৫ দিন | ১৭/০৯/২০২৩ - ২১/০৯/২০২৩ | ২৫ জন |
| ০৮. | হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৪/০৯/২০২৩ - ২৮/০৯/২০২৩ | ২৫ জন |
| ০৯. | সমবায় অডিটিং কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ১৫/১০/২০২৩ - ১৯/১০/২০২৩ | ২৫ জন |
| ১০. | আইজিএ -মোবাইল সার্ভিসিং কোর্স | সমবায়ী | ৬০ দিন | ২২/১০/২০২৩ - ২০/১২/২০২৩ | ২৫ জন |
| ১১. | সমিতি ব্যবস্থাপনা (মহিলা) কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২২/১০/২০২৩ - ২৬/১০/২০২৩ | ২৫ জন |
| ১২. | আইজিএ -সেলাই (পা চালিত মেশিনে) | সমবায়ী | ২১ দিন | ০৫/১১/২০২৩ - ২৫/১১/২০২৩ | ২৫ জন |
| ১৩. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৬/১১/২০২৩ - ৩০/১১/২০২৩ | ২৫ জন |
| ১৪. | আইজিএ -গাভী পালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৩/১২/২০২৩ - ০৭/১২/২০২৩ | ২৫ জন |
| ১৫. | আইজিএ-কম্পিউটার/আইসিটি এপ্লিকেশন কোর্স | সমবায়ী | ১২ দিন | ১০/১২/২০২৩ - ২১/১২/২০২৩ | ২৫ জন |
| ১৬. | আইজিএ - ইলেকট্রিক্যাল ও হাউজ ওয়ারিং কোর্স | সমবায়ী | ৬০ দিন | ২৪/১২/২০২৩ - ২১/০২/২০২৪ | ২৫ জন |
| ১৭. | আইজিএ -ব্লক বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ২৪/১২/২০২৩ - ০২/০১/২০২৪ | ২৫ জন |
| ১৮. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৭/০১/২০২৪ - ১১/০১/২০২৪ | ২৫ জন |
| ১৯. | আইজিএ -ব্লক বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ১৪/০১/২০২৪ - ২৫/০১/২০২৪ | ২৫ জন |
| ২০. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৮/০১/২০২৪ - ০১/০২/২০২৪ | ২৫ জন |
| ২১. | আইজিএ -ব্লক বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৪/০২/২০২৪ - ১৫/০২/২০২৪ | ২৫ জন |
| ২২. | সমবায় উদ্যোক্তা (মহিলা)কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৮/০২/২০২৪ - ২২/০২/২০২৪ | ২৫ জন |
| ২৩. | সমবায় উদ্যোক্তা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৫/০২/২০২৪ - ২৯/০২/২০২৪ | ২৫ জন |
| ২৪. | আইজিএ-বিউটি ফিকেশন কোর্স | সমবায়ী | ৬০ দিন | ২১/০৪/২০২৪ - ১৯/০৬/২০২৪ | ২৫ জন |
| ২৫. | আইজিএ-কম্পিউটার/আইসিটি এপ্লিকেশন কোর্স | সমবায়ী | ১২ দিন | ২১/০৪/২০২৪ - ০২/০৫/২০২৪ | ২৫ জন |

# আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি


















## (০৮) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ ঃ

**প্রতিষ্ঠানের পরিচিতি ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার, ময়মনসিংহ টাংগাইল হাইওয়ের পাশে ২.০২ একর সম্পত্তির উপর মনোরম পরিবেশে অবস্থিত। প্রতিষ্ঠানটি ১৯৬০-১৯৬৪ খ্রি. তৎকালীন ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার আটানী জমিদার বাড়ীতে ভাড়া হিসেবে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে একটি উন্নয়ন প্রকল্পের আওতায় মুক্তাগাছা শহরের লক্ষীখোলা নামক জায়গায় নতুন ভবন নির্মান করা হয়। শুরু থেকেই ইনস্টিটিউট ময়মনসিংহ, শেরপুর, টাংগাইল, জামালপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ, গাজীপুর, নরসিংদী এবং নারায়নগঞ্জ জেলার সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনা আয়বর্ধক মূলক প্রশিক্ষণ দিয়ে থাকে। পরবর্তীতে শুধু মাত্র ময়মনসিংহ, শেরপুর, টাংগাইল, জামালপুর, নেত্রকোণা, কিশেরাগঞ্জ এই ০৬ টি জেলার কর্মচারী ও সমবায়ীদের প্রশিক্ষণ দিয়ে আসছে। মানব সম্পদ উন্নয়নের একমাত্র উপায় প্রশিক্ষণ, তাই আর্থ সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেকারত্ব দূরীকরনে কর্মসংস্থান সৃষ্টিতে তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক চর্চাও নেতৃত্বের বিকাশ সাধনে সমবায়ের বিকল্প নেই। দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে বিশ্বব্যাপি একটি পরীক্ষিত স্বীকৃত মাধ্যম হচ্ছে সমবায়। বর্তমানে অর্থনীতির প্রায় সকল শাখায় সমবায় তার কার্যক্রম বিস্তৃত করেছে। বিভিন্ন বিষয় ভিত্তিক এবং ট্রেড ও পেশা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, অনগ্রসর ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়নে বিশেষতঃ নারী উন্নয়নে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ভবিষ্যতে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

**প্রতিষ্ঠানের অবস্থান ঃ** টাঙ্গাইল ময়মনসিংহ হাইওয়ে (ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-০১) এর পাশে অবস্থিত।

**কার্য এলাকা ঃ** ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ এবং টাঙ্গাইল জেলার সমবায়ীবৃন্দের অংশগ্রহণে সমিতি ব্যবস্থাপনা, সমিতির হিসাব সংরক্ষণ, সমবায় উদ্যোক্তা সৃষ্টি, আয়বর্ধনমূলক প্রশিক্ষণ। যেমনঃ ফুড প্রসেসিং ও ক্যাটারিং, ব্লক-বাটিক, গাভী পালন, মৎস্য চাষ, বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ ছাড়াও সমবায় বিভাগের সহকারী পরিদর্শক/প্রশিক্ষকবৃন্দের পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ কোর্স, অফিস সহকারী/কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকবৃন্দের পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ কোর্স এবং সমবায় অডিটিং প্রশিক্ষণ, কম্পিউটার ও আইসিটি এপ্লিকেশন কোর্স, আধুনিক অফিস ব্যবস্থাপনা, স্টাফ উন্নয়ন কোর্স, সমবায় আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

**প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত সেবা/কার্যক্রম ঃ**

ক. সমবায় বিভাগের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা ।

খ. সমবায় সমিতির সদস্যদের জন্য সকল প্রকার প্রশিক্ষণ বিশেষত সমবায় সমিতি ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ, আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে।

গ. সরকার ও সমবায় অধিদপ্তরের নির্দেশে অন্য যে কোন কাজ ইন্সটিটিউট সম্পন্ন করে থাকে।

ঘ. সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের চাহিদা মাফিক বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান।

ঙ. সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যদের সমবায় ব্যবস্থাপনা সমিতির হিসাব সংরক্ষণ ও বিভিন্ন আয়বর্ধক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয় ।

চ. উন্নয়নে প্রাধান্য ও উন্নয়নের সমবায় ব্যবহার উপযোগী করা ।

ছ. বিভিন্ন সমবায় প্রতিষ্ঠানের উন্নয়ন প্রতিবন্ধকতা ও স্থবিরতা মূল্যায়ন করা ।

জ. সমবায় কর্মকান্ডের উন্নয়নের সভা সেমিনার ও কর্মশাল আয়োজন এবং পরিচালনা করা ।

ঝ. সমবায় শিক্ষা ও সম্প্রসারনের জন্য বিভিন্ন সমিতির মধ্যে আন্তঃ সম্পর্ক সৃষ্টি করা ।

➢ **যোগাযোগের ঠিকানা ঃ**

অধ্যক্ষ
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিয়হ।
ফোন ঃ +৮৮০৯২৮-৭৫৩২৬
ই-মেইল ঃ principal_muktagachaczi@yahoo.com

## আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণবর্ষের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর ধরণ | কোর্সের মেয়াদ | অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১. | স্টাফ উন্নয়ন কোর্স | অফিস সহকারী | ০৫ দিন | ০২/০৭/২০২৩ -০৬/০৭/২০২৩ | ২৫ জন |
| ০২. | আইজিএ ব্লক বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৯/০৭/২০২৩ - ২০/০৭/২০২৩ | ২৫ জন |
| ০৩. | কম্পিউটার ও আইসিটি এপ্লিকেশান কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ২৩/০৭/২০২৩ - ০৩/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৪. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৬/০৮/২০২৩ - ১০/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৫. | আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স | অফিস সহকারী | ০৫ দিন | ১৩/০৮/২০২৩ - ১৭/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৬. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২০/০৮/২০২৩ - ২৪/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৭. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৭/০৮/২০২৩ - ৩১/০৮/২০২৩ | ২৫ জন |
| ০৮. | কো-অপারেটিভ অডিটিং কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ০৩/০৯/২০২৩ - ১৪/০৯/২০২৩ | ২৫ জন |
| ০৯. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৭/০৯/২০২৩ - ২১/০৯/২০২৩ | ২৫ জন |
| ১০. | আইজিএ বাড়ির আঙ্গিনায় সবজি  চাষ | সমবায়ী | ০৫ দিন | ২৪/০৯/২০২৩ - ২৮/০৯/২০২৩ | ২৫ জন |
| ১১. | আইজিএ মৎস্য  চাষ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০১/১০/২০২৩ - ০৫/১০/২০২৩ | ২৫ জন |
| ১২. | আইজিএ গাভী পালনকোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৮/১০/২০২৩ - ১২/১০/২০২৩ | ২৫ জন |
| ১৩. | সমিতির হিসাব সংরক্ষণ | সমবায়ী | ০৫ দিন | ১৫/১০/২০২৩ - ১৯/১০/২০২৩ | ২৫ জন |
| ১৪. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২২/১০/২০২৩ - ২৬/১০/২০২৩ | ২৫ জন |
| ১৫. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৯/১০/২০২৩ - ০২/১১/২০২৩ | ২৫ জন |
| ১৬. | আইজিএ ফুড প্রসেসিং ক্যাটারিং কোর্স | সমবায়ী | ১২ দিন | ১২/১১/২০২৩ - ২৩/১১/২০২৩ | ২৫ জন |
| ১৭. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৩/১২/২০২৩- ০৭/১২/২০২৩ | ২৫ জন |
| ১৮. | আইজিএ গাভী পালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৭/১২/২০২৩ - ২১/১২/২০২৩ | ২৫ জন |
| ১৯. | সমবায় উদ্যোক্তা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ৩১/১২/২০২৩ - ০৪/০১/২০২৪ | ২৫ জন |
| ২০. | সমবায় ব্যাবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৪/০১/২০২৪ - ১৮/০১/২০২৪ | ২৫ জন |
| ২১. | সমবায় ব্যাবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৮/০১/২০২৪ - ০১/০২/২০২৪ | ২৫ জন |
| ২২. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৮/০২/২০২৪ - ২২/০২/২০২৪ | ২৫ জন |
| ২৩. | সমবায় ব্যাবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৪/০৩/২০২৪ - ২৮/০৩/২০২৪ | ২৫ জন |
| ২৪. | আইজিএ বেসিক কম্পিউটার কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৪/০৩/২০২৪ - ২২/০৫/২০২৪ | ২৫ জন |
| ২৫. | বাড়ির আঙ্গিনায় সবজি চাষ কোর্স | সমবায়ী | ৬০ দিন | ১২/০৫/২০২৪ - ১৬/০৫/২০২৪ | ২৫ জন |
| ২৬. | সমবায় ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০২/০৬/২০২৪ - ০৬/০৬/২০২৪ | ২৫ জন |

# আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ এর ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি



















## (০৯) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া ঃ

**ভূমিকা ঃ** বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর, বাউল সম্রাট লালনশাহ্ এবং কালজয়ী "বিষাদ সিন্ধু" রচয়িতা সাহিত্যি কমীর মোশাররফ হোসেন বৃটিশ বিরোধী আন্দোলনের পুরোধা বাঘা যতিনের স্মৃতিচারণভুমিতে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া। ১৯৬৪ সালে এই ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা পরবর্তী সময় কুষ্টিয়া শহরের পেয়ারাতলা ভাড়াবাড়ীতে এর কার্যক্রম শুরু হয়। ১৯৯৭ সালে বর্তমানে নিজস্ব জায়গায় প্রশাসনিক ও হোস্টেল ভবন নির্মান করা হয়। সমবায় অধিদপ্তরের ১০ (দশ) টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের মধ্যে অন্যতম একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এই ইনস্টিটিউট কর্তৃক বিভিন্ন শ্রেণীর সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দ এবং সমবায় বিভাগীয় মাঠ পর্যায়ের কমকর্তা/কর্মচারীদের জ্ঞানের বিকাশ, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টি ভঙ্গির পরিবর্তনের লক্ষ্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

**ইনস্টিটিউটের অবস্থান ঃ** আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া শহরের প্রাণ কেন্দ্র পি.টি.আই. রোড, কাস্টম মোড় সংলগ্ন ০২ (দুই) একর জমির উপর অবস্থিত। সমবায় অধিদপ্তরের কর্মচারীদের পেশাগত প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন প্রকল্পের নির্ধারিত প্রশিক্ষণ সম্পন্ন করে আসছে।

**কার্য এলাকা ঃ** রাজশাহী বিভাগের ৬টি জেলা এ প্রতিষ্ঠানের কার্য এলাকা। ০৬ (ছয়) টি জেলা যথাঃ কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুড়া ও পাবনা। এ সকল জেলার সমবায়ী এবং কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ ইনস্টিটিউটটি বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লার প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে।

**প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত সেবা/কার্যক্রম ঃ** বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের ভূমিকা অনস্বীকার্য। গ্রামীণ জীবনের উন্নতি, স্বনির্ভরশীল এবং আর্থ সামাজিক উন্নয়নে সমবায়ের বিকল্প নেই। দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে বিশ্বব্যাপি একটি পরীক্ষিত স্বীকৃতমাধ্যম হচ্ছে সমবায়। বর্তমানে অর্থনীতির প্রায় সকল শাখায় সমবায় তার কার্যক্রম বিস্তৃত করেছে । বিভিন্ন বিষয় ভিত্তিক এবং ট্রেড ও পেশা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যম কর্মসংস্থানের সযোগ সৃষ্টি, অনগ্রসর ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়নে বিশেষতঃ নারী উন্নয়নে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট অবদান রেখে আসছে। অত্র ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন এবং প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি করে মান সম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অত্র ইনস্টিটিউট মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভবিষ্যতে আরো অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

➢ **যোগাযোগের ঠিকানা ঃ**

অধ্যক্ষ
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
পিটিআই রোড, কুষ্টিয়া।
ফোন ঃ ০৭১-৬১৯২৫
ই-মেইল ঃ principal_kushtiaczi@yahoo.com

## আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণবর্ষের
## অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর ধরণ | কোর্সের মেয়াদ | অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১. | আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স | অফিস সহকারী | ০৫ দিন | ০২/০৭/২৩-০৬/০৭/২৩ | ২৫ জন |
| ০২. | আইজিএ ব্লক ও বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৯/০৭/২৩-২০/০৭/২৩ | ২৫ জন |
| ০৩. | স্টাফ উন্নয়ন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৩/০৭/২৩-২৭/০৭/২৩ | ২৫ জন |
| ০৪. | আইজিএ মৌ-চাষ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ৩০/০৭/২৩-০৩/০৮/২৩ | ২৫ জন |
| ০৫. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৬/০৮/২৩-১০/০৮/২৩ | ২৫ জন |
| ০৬. | সমবায় অডিটিং কোর্স | সহকারী পরিদর্শক | ১২ দিন | ১৩/০৮/২৩-২৪/০৮/২৩ | ২৫ জন |
| ০৭. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৭/০৮/২৩-৩১/০৮/২৩ | ২৫ জন |
| ০৮. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৩/০৯/২৩-০৭/০৯/২৩ | ২৫ জন |
| ০৯. | আইজিএ হস্ত শিল্প কোর্স | সমবায়ী | ১২ দিন | ১০/০৯/২৩-২১/০৯/২৩ | ২৫ জন |
| ১০. | আইজিএ গাভীপালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৪/০৯/২৩-২৮/০৯/২৩ | ২৫ জন |
| ১১. | কম্পিউটার ও আইসিটি এ্যাপ্লিকেশন | সহকারী পরিদর্শক | ১২ দিন | ০১/১০/২৩-১২/১০/২৩ | ২৫ জন |
| ১২. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৫/১০/২৩-১৯/১০/২৩ | ২৫ জন |
| ১৩. | আইজিএ গাভীপালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২২/১০/২৩-২৬/১০/২৩ | ২৫ জন |
| ১৪. | সমবায় উদ্যোক্তা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৯/১০/২৩-০২/১১/২৩ | ২৫ জন |
| ১৫. | আইজিএ মৎস্য চাষ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৫/১১/২৩-০৯/১১/২৩ | ২৫ জন |
| ১৬. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১২/১১/২৩-১৬/১১/২৩ | ২৫ জন |
| ১৭. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৯/১১/২৩-২৩/১১/২৩ | ২৫ জন |
| ১৮. | সমবায় আইন ও বিধিমালা (অনলাইন) | অফিস সহকারী | ০৫ দিন | ২৬/১১/২৩-৩০/১১/২৩ | ২৫ জন |
| ১৯. | আইজিএ হস্ত শিল্প কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৩/১২/২৩-১৪/১২/২৩ | ২৫ জন |
| ২০. | আইজিএ মৌ-চাষ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ১৭/১২/২৩-২১/১২/২৩ | ২৫ জন |
| ২১. | আইজিএ বেসিক কম্পিউটার কোর্স | সমবায়ী | ৬০ দিন | ০১/০১/২৪-০১/০৩/২৪ | ২৫ জন |
| ২২. | আইজিএ গাভীপালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৪/০৩/২৪-০৮/০৩/২৪ | ২৫ জন |
| ২৩. | আইজিএ ব্লক ও বাটিক কোর্স | সমবায়ী | ১২ দিন | ০৬/০৫/২৪-১৭/০৫/২৪ | ২৫ জন |
| ২৪. | সমিতির হিসাব সংরক্ষণ কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২০/০৫/২৪-২৪/০৫/২৪ | ২৫ জন |
| ২৫. | আইজিএ হস্ত শিল্প কোর্স | সমবায়ী | ০৫ দিন | ২৭/০৫/২৪-৩১/০৫/২৪ | ২৫ জন |
| ২৬. | আইজিএ গাভীপালন কোর্স | সমবায়ী | ০৫ দিন | ০৩/০৬/২৪-০৭/০৬/২৪ | ২৫ জন |

# আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া এর ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি





















## (১০) শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল ঃ

**প্রতিষ্ঠান পরিচিতি ঃ** শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল বাংলাদেশের সমবায় প্রশিক্ষণের একটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠান। বরিশালের কীর্তিমান ব্যক্তিত্ব শের-ই-বাংলা এ.কে. ফজলুল হকের নামানুসারে এই শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল এর নামকরণ করে ১৯৯৯ সালে এর কার্যক্রম শুরু হয়। একটি উন্নয়ন প্রকল্পের আওতায় ১৯৯৯ সালে বরিশাল শহরের কাশিপুর এলাকায় ১.৫০ একর জায়গায় ইনস্টিটিউটের স্থান নির্ধারণ করে গণপূর্ত বিভাগ কর্তৃক অবকাঠামো নির্মানের মাধ্যমে স্থায়ী ইনস্টিটিউট স্থাপিত। তৎকালীন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ০৮ জৈষ্ঠ্য ১৪১০বঙ্গাব্দ/ ২২ মে ২০০৩ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার ইনস্টিটিউটটি উদ্বোধন করেন। বরিশাল বিভাগের বিভাগীয় কর্মকর্তা-কর্মচারী ও সমবায়ীদের প্রশিক্ষণের ক্ষেত্রে এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

**অবকাঠামো ঃ** শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশালে ০১ টি দ্বিতল প্রশাসনিক ভবন রয়েছে। প্রশাসনিক ভবনে অধ্যক্ষের অফিস, ০২ টি ক্লাশরুম ও ০১টি গ্রন্থাগার আছে। ইনস্টিটিউটে আরো ০১টি দ্বিতল ভবন রয়েছে যা প্রশিক্ষণার্থীদের জন্য হোস্টেল হিসেবে ব্যবহৃত হচ্ছে। হোস্টেল ভবনে একটি ভিআইপি কক্ষ ও ৪০ জন প্রশিক্ষাণার্থীর থাকারব ব্যবস্থা আছে। প্রশিক্ষণার্থীদের খাবার রান্না ও খাবারের জন্য একতলা টিনশেড ভবন রয়েছে। প্রশিক্ষণার্থীদের মাঠ সফরে নেয়ার জন্য ৩১ সীটের একটি মিনি কোস্টার রয়েছে। ইনস্টিটিউটে অধ্যক্ষের ০১ টি বাস ভবন আছে। স্থানীয় গণপূর্ত বিভাগের মতামত অনুযায়ী অধ্যক্ষের বাসভবনটি বসবাসের অযোগ্য হয়ে পড়ে আছে।

**প্রতিষ্ঠানের অবস্থান ঃ** শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটটি, বরিশাল শহরের কাশিপুর এলাকায় অবস্থিত।

**যোগাযোগের মাধ্যম ঃ** শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল শহরের প্রাণকেন্দ্র নথুল্লাবাদ বাস স্টান্ড থেকে ৩ কি.মি. পশ্চিমে বরিশাল-ঢাকা মহাসড়ক সংলগ্ন এর অবস্থান। বাস স্টান্ড থেকে অটোরিক্সা/ রিক্সা/ সিএনজিতে অনায়াসে আসা-যাওয়া করা যায়।

**ইনস্টিটিউটের কার্য এলাকা ঃ** বরিশাল বিভাগের ০৬টি জেলা (১) বরিশাল (২) ঝালকাঠি (৩) পিরোজপুর (৪) বরগুনা (৫) পটুয়াখালী ও (৬) ভোলা এর কার্য এলাকার অন্তর্ভূক্ত।

**প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত সেবা/ কার্যক্রম ঃ** বরিশাল সমবায় বিভাগে কর্মরত ননগেজেটেড কর্মচারী, সমবায়ী নেতৃবৃন্দ, সমবায় সমিতির সদস্য ও সমবায় সমিতির কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভাগীয় প্রশিক্ষণার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য মৌলিক প্রশিক্ষণ, মৌলিক প্রশিক্ষণ(বিশেষ), সমবায় অডিটিং, আধুনিক অফিস ব্যবস্থাপনা, স্টাফ উন্নয়ন ও রিফ্রেসার্স কোর্স প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। সমবায়ী প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে সমিতি ব্যবস্থাপনা, সমিতির হিসাব সংরক্ষণ এবং আয়বর্ধক প্রশিক্ষণ টেইলারিং, ব্লক-বাটিক, ক্রিস্টাল শো-পিচ, গাভীপালন, গরু মোটাতাজাকরণ, মৎস্যচাষ ইত্যাদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সকল কোর্স সম্পূর্ণ আবাসিক।

➢ **যোগাযোগের ঠিকানা ঃ**

অধ্যক্ষ
শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
কাশিপুর, বরিশাল।
ফোন ঃ ০৪৩১-৬৩২৮৭
ই-মেইল ঃ barisalczi@gmail.com

# শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল এর ২০২৩ - ২০২৪ প্রশিক্ষণবর্ষের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

| ক্রঃ নং | কোর্সের নাম | অংশগ্রহণকারীর ধরণ | কোর্সের মেয়াদ | অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১. | আইজিএ (হাঁস-মুরগীপালন) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৬.০৭.২০২৩ - ২০.০৭.২০২৩ | ২৫ জন |
| ০২. | আইজিএ (গাভীপালন) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ২৩.০৭.২০২৩ - ২৭.০৭.২০২৩ | ২৫ জন |
| ০৩. | স্টাফ উন্নয়ন কোর্স | অফিস সহায়ক | ৫ দিন | ৩০.০৭.২০২৩ - ০৩.০৮.২০২৩ | ২৫ জন |
| ০৪. | সমিতির হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ০৬.০৮.২০২৩ - ১০.০৮.২০২৩ | ২৫ জন |
| ০৫. | আইজিএ (মৎস্য চাষ) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ২০.০৮.২০২৩ - ২৪.০৮.২০২৩ | ২৫ জন |
| ০৬. | আইজিএ (ব্লক বাটিক) কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ১২ দিন | ২৭.০৮.২০২৩ - ০৭.০৯.২০২৩ | ২৫ জন |
| ০৭. | সমবায় আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ কোর্স | সহকারীপরিদর্শক | ৫ দিন | ১০.০৯.২০২৩ - ১৪.০৯.২০২৩ | ২৫ জন |
| ০৮. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৭.০৯.২০২৩ - ২১.০৯.২০২৩ | ২৫ জন |
| ০৯. | আইজিএ (সেলাই) কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ২১ দিন | ২৪.০৯.২০২৩ - ১৪.১০.২০২৩ | ২৫ জন |
| ১০. | সমিতির হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৫.১০.২০২৩ - ১৯.১০.২০২৩ | ২৫ জন |
| ১১. | সমবায় অডিটির্ কোর্স | সহকারীপরিদর্শক | ১২ দিন | ২৯.১০.২০২৩ - ০৯.১১.২০২৩ | ২৫ জন |
| ১২. | আইজিএ (গরু মোটাতাজাকরন) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১২.১১.২০২৩ - ১৬.১১.২০২৩ | ২৫ জন |
| ১৩. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৯.১১.২০২৩ - ২৩.১১.২০২৩ | ২৫ জন |
| ১৪. | আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স | অফিসসহকারী/ সমমান | ৫ দিন | ২৬.১১.২০২৩ - ৩০.১১.২০২৩ | ২৫ জন |
| ১৫. | আইজিএ (গাভী পালন) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ০৩.১২.২০২৩ - ০৭.১২.২০২৩ | ২৫ জন |
| ১৬. | সমিতির হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১০.১২.২০২৩ - ১৪.১২.২০২৩ | ২৫ জন |
| ১৭. | স্টাফ উন্নয়ন কোর্স | অফিস সহায়ক | ৫ দিন | ১৭.১২.২০২৩ - ২১.১২.২০২৩ | ২৫ জন |
| ১৮. | আইজিএ (ছাগল পালন) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ৩১.১২.২০২৩ - ০৪.০১.২০২৪ | ২৫ জন |
| ১৯. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ০৭.০১.২০২৪ - ১১.০১.২০২৪ | ২৫ জন |
| ২০. | সমিতির হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৪.০১.২০২৪ - ১৮.০১.২০২৪ | ২৫ জন |
| ২১. | আইজিএ (ব্লক বাটিক) কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্য | ১২ দিন | ২১.০১.২০২৪ - ০১.০২.২০২৪ | ২৫ জন |
| ২২. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ০৪.০২.২০২৪ - ০৮.০২.২০২৪ | ২৫ জন |
| ২৩. | সমিতির হিসাব ও নিরীক্ষা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৮.০২.২০২৪ - ২২.০২.২০২৪ | ২৫ জন |
| ২৪. | আইজিএ (মৎস্য চাষ) কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১১.০৩.২০২৪ - ১৫.০৩.২০২৪ | ২৫ জন |
| ২৫. | সমিতি ব্যবস্থাপনা কোর্স | সমবায় সমিতির সদস্য | ৫ দিন | ১৮.০৩.২০২৪ - ২২.০৩.২০২৪ | ২৫ জন |
| ২৬. | আইজিএ (মোবাইল সার্ভিসিং) | সমবায় সমিতির সদস্য | ৬০ দিন | ১৫.০৪.২০২৪ - ১৩.০৬.২০২৪ | ২৫ জন |

# শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশাল এর ২০২২ - ২০২৩ প্রশিক্ষণ বর্ষের বিভিন্ন কর্মসূচীর ছবি


























**বাংলাদেশ সমবায় একাডেমি**

কোটবাড়ী, কুমিল্লা

ওয়েব : www.bca.gov.bd

ইমেইল: principal.bca@coop.gov.bd

bcacomilla@gmail.com